



হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাভ

অন্যকে বলা কিন্তু নিজে না করা বড় দোষ

আস-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।
আউযু বিল্লাহি মিন আশ-শাইতানির রাজিম। বিসমিল্লাহির রাহমানির রাহিম।
আস-সালাতু ওয়া আস-সালামু' আলা রাসুলিনা মুহাম্মাদিন সায়্যিদীল আউয়ালিনা ওয়াল আখিরীন।
মাদাদ ইয়া রাসুল আল্লাহু, মাদাদ ইয়া সাদাতি আসহাবী রাসুল আল্লাহু, মাদাদ ইয়া মাশাইখিনা,
শেইখ আব্দুল্লাহ দাগিস্তানী, শেইখ মুহাম্মাদ নাযিম আল-হাক্কানী, দাস্তুর।
তারিকাতুনা সোহবাহ, ওয়াল খাইরু ফি জামিয়াহ।

আল্লাহ্ (আযযা ওয়া জাল্লা) বলেনঃ আউযু বিল্লাহি মিনাশ শাইতানির রাজিম। বিসমিল্লাহির রাহমানির রাহিম।

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لِمَ تَقُولُونَ مَا لَا تَفْعَلُونَ (۲) كَبُرَ مَقْتًا عِنْدَ اللَّهِ أَنْ تَقُولُوا مَا لَا تَفْعَلُونَ

“ইয়া আইয়ুহাল্লাযিনা আমানু লিমা তাকুলুনা মা লা তাফ'আলুন। কাবুরা মাকতান 'ইনদাল্লাহি আন তাকুলু মা লা তাফ'আলুন” (সুরাহ সাফঃ২-৩)।

“হে যারা বিশ্বাস করেছ! কেন তোমরা তা বল যা নিজেরা কর না?” তিনি বলেন, আল্লাহ্র দৃষ্টিতে এটি একটি বিশাল গুনাহ বা অতিকায় দোষ কোন কিছু অন্যকে বলা কিন্তু নিজে না করা। এটি আল্লাহ্ পছন্দ করেন না। তিনি বলেন, “তুমি নিজে যা করবে তাই বল। অন্যথায়, যদি তুমি অন্যকে বল তাহলে নিজেও করার চেষ্টা কর।” শুধুমাত্র ফাঁপা কথা বলা এবং কোন কাজ না করা আল্লাহ্র দৃষ্টিতে ভালো বা গ্রহণযোগ্য নয়।

এটি ভালো কাজ নয় কারণ এটি মানুষকে কিছু না করায় অভ্যস্ত করে ফেলে। সুতরাং, যদি কিছু করতে হয় বা যদি তুমি কিছু বল, তোমার নিজেকেও তা করতে হবে। অন্যকে উপদেশ দিয়ে নিজে কাজটি না করাও অগ্রহণযোগ্য। আল্লাহ্ (আযযা ওয়া জাল্লা) কুর'আনে এটিই বলেন।

বেশির ভাগ মানুষই কথা বলে আর বলে কিন্তু তার উপর কাজ করে না। অথবা তারা আশা দেয় কিছু বলে এবং মানুষকে প্রতিশ্রুতি দেয় কিন্তু তা পালন করে না। এটি শূণ্য হয়ে মিলিয়ে যায় না এবং আল্লাহ্ এর জবাব চাইবেন। তুমি যদি কোন কিছু করতে অক্ষম হও তাহলে তা করবে বোলো না। কিন্তু যদি তুমি বল কোন কিছু করবে তাহলে তা তোমাকে করতেই হবে। তোমার উপর ভরসা করা হচ্ছে আর তুমি সেই ভরসাকে নিরাশায় পর্যবসিত করছ এবং মানুষকে দুঃখিত করছ। অতএব, কিছু করার কথা থাকলে বা প্রতিশ্রুতি দিয়ে থাকলে তা করে ফেলো। যদি তুমি কোন কথা বল, তার সে কথার পিছনে একজন সত্যিকার পুরুষের মত অটল থাকো। তোমার কথার পিছনে দলভায়মান থাকো আর তুমি যদি করতে না পারো তাহলে কথা দিও না।



হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাত

অনেক সময় লোকে কিছু করবে বলে, কিছু সময় তার উপর কাজ করে এবং যদি তা সম্পন্ন করতে না পারে তারা ক্ষমা চেয়ে নেয় এবং বলে, "আমি এটা করতে পারলাম না"। কিন্তু, প্রতিশ্রুতি ছড়িয়ে বেড়ানো এবং পরে সরাসরি তা না করা মানুষের কাছেও ভালো নয় এবং আল্লাহর কাছেও ভালো নয়। আল্লাহ আমাদের সবাইকে মাফ করে দিন ইনশাআল্লাহ। তিনি যেন আমাদের এমন মানুষ বানান যারা তাদের প্রতিশ্রুতি রক্ষা করে ইনশাআল্লাহ।

হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল
২১ ডিসেম্বর ২০১৬ / ২১ রাবিউল আউয়াল
ফাজার নামায, আকবাবা দারগাহ।